

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসেবে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে
অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মাহফুজুর রহমান, উপপরিচালক (খনি ও খনিজ)(চ.দা), বিএমডি
তারিখ : ১৪.০৩.২০২১
সময় : দুপুর ২.০০ ঘটিকা
সভার স্থান : রেভিনিউ ডেপুটি কালেক্টরের কার্যালয়, হবিগঞ্জ
সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসেবে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো(বিএমডি)র অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে আলোকপাত করেন। সভায় রেভিনিউ ডেপুটি কালেক্টরের কার্যালয়, হবিগঞ্জ-এর কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও বিভিন্ন উপজেলার সিলিকা বালু ব্যবসায়ী এবং সর্বস্তরের জনসাধারণ উপস্থিত ছিলেন। সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে বিএমডি'র সার্বিক কার্যক্রম সংক্রান্ত বিষয়ে যে কোনো অভিযোগ দায়েরের নিমিত্ত ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), বিকল্প অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপিল কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়। সভাপতি আরও বলেন, অভিযোগকারী যেন দ্রুততম সময়ের মধ্যে সেবা পায় সে বিষয়টি বিবেচনায় রেখে ইজারা প্রদান সংক্রান্ত যে কোন অভিযোগ প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সিটিজেন চার্টারের উল্লিখিত সেবাসমূহ অনলাইন জিআরএস সিস্টেমে (www.grs.gov.bd) অন্তর্ভুক্ত করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী বিএমডি'র সিটিজেন চার্টার হালনাগাদ করে ইতোমধ্যে সেবাসমূহ অনলাইন জিআরএস সিস্টেমে (www.grs.gov.bd) অন্তর্ভুক্ত করা হয়েছে। উল্লেখ্য, ইতোমধ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর দাপ্তরিক সেবাসমূহ-কে ডিজিটাল সেবায় রপান্তরের নিমিত্ত এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগের যৌথ উদ্যোগে 'ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। তৎপ্রেক্ষিতে হবিগঞ্জ জেলার সিলিকা বালু কোয়ারিসমূহের আগামী ১৪২৮-১৪২৯ বাংলা সনের জন্য ইজারা প্রদান প্রক্রিয়াটি ডিজিটাল পদ্ধতিতে esheba.bomd.gov.bd লিংক-এর মাধ্যমে অনলাইনে সম্পাদন করা হবে। সেপ্রেক্ষিতে ইজারা প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানের সকল তথ্যাদি হালনাগাদকরণ করে নিতে হবে।

২.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মাহফুজুর রহমান)

উপপরিচালক (খনি ও খনিজ)(চলতি দায়িত্ব)

ফোন : ৮৩৯১৪৩৮

ই-মেইল : ddmine@bomd.gov.bd

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩ (অংশ-২).২৫৪

তারিখ : ০২ চৈত্র ১৪২৭
১৬ মার্চ ২০২১

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

- ১। জেলা প্রশাসক, হবিগঞ্জ (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ জেলা, হবিগঞ্জ;
- ৫। রেভিনিউ ডেপুটিকালেক্টর (আরডিসি), হবিগঞ্জ (বর্ণিত সভা অনুষ্ঠানে সার্বিক সহায়তা ও অগ্রনী ভূমিকা পালন করায় ধন্যবাদ জ্ঞাপন করা হলো);
- ৬। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা (সকল), হবিগঞ্জ;
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৮। সংশ্লিষ্ট নথি/অফিস কপি।

(মোঃ মাহফুজুর রহমান)

উপপরিচালক (খনি ও খনিজ)(চলতি দায়িত্ব)